



স্মারক নং: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২৫.২২ - ৩৯৬১

তারিখ: ০৪/০৬/২০২০ বঙ্গাব্দ
২২/০৯/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য অনুষ্ঠিতব্য ৭৩তম Communicative English Course (CEC)-এর প্রশিক্ষণার্থী মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ২০ আশ্বিন থেকে ০৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/ ০৫ অক্টোবর থেকে ২৫ অক্টোবর ২০২০ খ্রি. মেয়াদে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য ৭৩তম Communicative English Course (CEC) নায়েম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন জেলাসমূহের সরকারি ও এমপিওভুক্ত বেসরকারি বিদ্যালয় থেকে ইংরেজি বিষয়ের ০৪ (চার) জন প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীগণের নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম, ইনডেক্স নং (প্রযোজ্য ক্ষেত্রে) এবং তাঁদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ২৭ সেপ্টেম্বর ২০২০-এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং ই-মেইলে r.siddiqe@gmail.com এবং ttshuda.naem@gmail.com-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

১. প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের নির্ধারিত সার্ভিস চার্জ পরিশোধ এবং আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে। ঢাকার বাইরের আগ্রহী প্রশিক্ষণার্থীগণ ০৪ অক্টোবর ২০২০ খ্রি. বিকেল ০৫টার পরে নির্ধারিত হোস্টেলে অবস্থান করতে পারবেন;
২. প্রশিক্ষণার্থীগণের নিজেদের দৈনন্দিন ব্যয় ও শিক্ষা সফরের জন্য জনপ্রতি কমপক্ষে ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা সাথে আনা বাঞ্ছনীয়;
৩. সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্তির পর নায়েম থেকে অংশগ্রহণকারীগণকে ভ্রমণ (শিক্ষা সফরের ভ্রমনসহ) ও দৈনিক ভাতা/প্রশিক্ষণ ভাতার বিল নায়েম-এ পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক অ্যাকাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;
৪. ইতিপূর্বে নায়েম কর্তৃক পরিচালিত Communicative English Course (CEC) অথবা English Language Teaching (ELT) প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী কোনো শিক্ষক এ কোর্সে অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন না;
৫. নায়মে গত ০১ বছরের মধ্যে কোন প্রশিক্ষণে অংশগ্রহণ করে থাকলে তাঁরা এ প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি পাবেন না;
৬. মনোনীত প্রশিক্ষণার্থী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হলে তাঁকে এমপিওভুক্ত শিক্ষক হতে হবে;
৭. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ-এর স্মারক নং মাউশিপ্র/বা-ইউ/৫২৮০, তারিখ: ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত শিক্ষকগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কোন কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে;
৮. প্রশিক্ষণার্থীগণকে Class VI – IX-এর English for Today শিরোনামের ০৪টি পুস্তক, ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, প্রতিষ্ঠানের EIIN নম্বর সম্বলিত প্যাডে ছাড়পত্র এবং বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে মনোনীত শিক্ষকের সর্বশেষ এমপিও-এর কপি আনতে হবে;
৯. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয় সম্পর্কে জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক জনাব মোঃ সামসুল হুদা, টিচার ট্রেনার (মোবাইল : ০১৭১২২৮৪৬৬৯, ই-মেইল ttshuda.naem@gmail.com)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে;
১০. মনোনীত প্রশিক্ষণার্থীকে ০৫ অক্টোবর ২০২০ খ্রি. তারিখ সকাল ০৯:০০টায় নায়েম-এর প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান-স্টপ-সার্ভিস পয়েন্ট-এ রিপোর্ট করতে হবে।

প্রাপক:


উপ-পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, --


স্মারক নং: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২৫.২২ - ৩৯৬১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষাভবন, ঢাকা;
- ০২-১০। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ;
- ১১-১৪। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ১৫-১৬। উপ-পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ১৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ১৮-২০। হোস্টেল সুপারিনটেনডেন্ট, শহীদ মুক্তিযোদ্ধা/ সোনার বাংলা/শহীদ জননী হোস্টেল, নায়েম, ঢাকা;
- ২১। প্রোগ্রামার, নায়েম, ঢাকা (আমন্ত্রণপত্রটি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ২২। তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
- ২৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
- ২৪। অফিস নথি।


(প্রফেসর ড. তাহসিনা আক্তার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম

তারিখ: ০৪/০৬/২০২০ বঙ্গাব্দ
২২/০৯/২০২০ খ্রিস্টাব্দ


(শামসুন আক্তার সিদ্দিকী)

প্রশিক্ষণ বিশেষজ্ঞ

ও

কোর্স পরিচালক

মোবাইল-০১৩১২৭১১৯৭৭